

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নম্বর ৩৮.০১.০০০০.১০১.৩২.০০৯.২৩- ২২৮

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩০
০৯ মার্চ ২০২৪


বিষয়: ওয়েবসাইটে প্রকাশিত সহকারী ইন্সট্রাক্টরগণের গ্রেডেশন তালিকার অভিযোগ/মতামত সংক্রান্ত শুনানি।

উপজেলা/থানা রিসোর্স সেন্টারে কর্মরত সহকারী ইন্সট্রাক্টরগণের খসড়া গ্রেডেশন তালিকা প্রণয়ন কমিটি' কর্তৃক ২৩০ জনের খসড়া গ্রেডেশন তালিকা প্রস্তুত করে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। তৎপ্রেক্ষিতে মাঠ পর্যায়ে উপজেলা/থানা রিসোর্স সেন্টারে কর্মরত সহকারী ইন্সট্রাক্টরগণের অভিযোগ/মতামত ডাকযোগে/বাহক মারফত এবং ই-মেইল এর মাধ্যমে পাওয়া যায়।

২। সংস্থাপন মন্ত্রণালয়ের ৩০ মে ২০১১ খ্রিষ্টাব্দ তারিখের এসআরও নম্বর ১০৮-আইন/২০১১/০৫.১৭১.০২২.০১.০০.০১০.২০১০ এর (৯) এর জ্যেষ্ঠতা তালিকা প্রণয়ন সংক্রান্ত উপবিধি (৩) “কর্তৃপক্ষ উপ-বিধি (২) এর অধীন প্রাপ্ত কোন আপত্তি অভিযোগ পরামর্শ যথাযথ শুনানি ও নিষ্পত্তিকরতঃ চূড়ান্তভাবে জ্যেষ্ঠতা তালিকা প্রকাশ করিবে” মর্মে প্রজ্ঞাপন জারি হয়েছে।

৩। আগামী ১২ মার্চ ২০২৪ তারিখ বিকাল ৩:০০ ঘটিকায় মহাপরিচালক মহোদয় কর্তৃক তাঁর দপ্তরে গ্রেডেশন তালিকা চূড়ান্তকরণের লক্ষ্যে অভিযোগ/মতামত গ্রহণের জন্য উপজেলা/থানা রিসোর্স সেন্টারে কর্মরত সহকারী ইন্সট্রাক্টরগণের শুনানি গ্রহণ করা হবে।

উল্লিখিত সময়ে সকল প্রমাণকসহ উপস্থিত থাকার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(এ.এস.এম. সিরাজুদ্দোহা)
সহকারী পরিচালক (প্রশাসন-২)
ফোন: ০২-৫৫০৭৪৯২০

প্রাপক,

সহকারী ইন্সট্রাক্টর, ইউআরসি, সংশ্লিষ্ট উপজেলা (অভিযোগ/মতামত/
প্রেরণকারী সহকারী ইন্সট্রাক্টর হিসেবে প্রয়োজনীয়
রেকর্ডপত্রসহ উপস্থিত থাকার অনুরোধসহ),

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১। সুপারিনটেনডেন্ট, সংশ্লিষ্ট পিটিআই (অভিযোগ/মতামত প্রেরণকারী সহকারী ইন্সট্রাক্টরগণের কর্মরত জেলাসমূহ),
.....।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ৩। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ৪। পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ৫। ইন্সট্রাক্টর ইউআরসি, সংশ্লিষ্ট উপজেলা (তাঁর উপজেলায় অভিযোগ/মতামত প্রেরণকারী সহকারী ইন্সট্রাক্টরগণের
উপস্থিতি নিশ্চিতকরণের অনুরোধসহ),
- ৬। সংরক্ষণ নথি।